

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং সলিসিটর/জিপি-পিপি(ব্রাহ্মণবাড়িয়া)-২০/২০০৯-৪৬

তাং ২৫-০৪-২০২৩ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নাসির উদ্দিন খান  
সহকারী সচিব (জিপি/পিপি)।


প্রাপকঃ জেলা ম্যাজিস্ট্রেট,  
ব্রাহ্মণবাড়িয়া।

বিষয়ঃ ব্রাহ্মণবাড়িয়া জেলা'র জেলা ও দায়রা জজ আদালতে পাবলিক প্রসিকিউটর পদে নিয়োগ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলা'র জেলা ও দায়রা জজ আদালতে পাবলিক প্রসিকিউটর পদে নিয়োগ প্রদানের জন্য নিম্নবর্ণিত আইনজীবীর পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও সততা সম্পর্কে ব্রাহ্মণবাড়িয়া জেলা'র বিজ্ঞ জেলা ও দায়রা জজ/ বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এর প্রতিবেদন না পাওয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে বর্ণিত পদে ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৪৯২ ধারা এবং এল আর ম্যানুয়েল ১৯৬০ এর ২নং অধ্যায়ের ২৭ (১৭) বিধির প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো।।

ক্রঃ নং	নাম ও পিতার নাম	জন্ম তারিখ	পদবী	আইনজীবী হিসেবে যোগদানের তারিখ
১	জনাব মাহাবুবুল আলম চৌধুরী পিতা-মৃত নুরুল আলম চৌধুরী	২৬-১১-১৯৬৫ খ্রিঃ	পাবলিক প্রসিকিউটর	২৪-১১-১৯৯৪খ্রিঃ

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ নাসির উদ্দিন খান)  
সহকারী সচিব (জিপি/পিপি)  
ফোন-৫৫১১০৩৯২।

নং সলিসিটর/জিপি-পিপি ব্রাহ্মণবাড়িয়া)-২০/২০০৯-৪৬

তাং ২৫-০৪-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিজ্ঞ জেলা ও দায়রা জজ/বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া। (তাঁকে বর্ণিত আইন কর্মকর্তার পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও সততা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬। বিজ্ঞ পিপি, ব্রাহ্মণবাড়িয়া (অব্যাহতি)। (তাঁকে অনতিবিলম্বে পিপি'র যাবতীয় দায়িত্বভার, সকল প্রকার মামলার নথি ও সিডিসহ নবনিয়োগপ্রাপ্ত পিপি জনাব মাহাবুবুল আলম চৌধুরী-কে বুঝাইয়া দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জনাব মাহাবুবুল আলম চৌধুরী, পিপি, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮। সলিসিটরের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মোঃ নাসির উদ্দিন খান)  
সহকারী সচিব (জিপি/পিপি)।